

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

ওয়েবসাইট: www.bb.org.bd

এসএফডি সার্কুলার লেটার নং-০২

এপ্রিল ১৯, ২০২০  
তারিখ: -----  
বৈশাখ ০৬, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টে প্রেরিতব্য বিবরণী (Regulatory Reporting) দাখিলকরণ গ্রহণে।

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি চলাকালীন সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী এ সময়ে ব্যাংকগুলো সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

বিদ্যমান প্রেক্ষাপটে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রেরিতব্য ত্রি-মাসিক ব্যাংকিং সংক্রান্ত কার্যক্রমের ত্রৈমাসিক বিবরণী (Quarterly Report on Green Banking Activities) সহ অন্যান্য সকল ত্রৈমাসিক বিবরণী সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি শেষ হওয়ার পর স্বাভাবিক কার্যক্রম শুরু হওয়ার পরবর্তী ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে দাখিল করা যাবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

e-mail: [morshed.millat@bb.org.bd](mailto:morshed.millat@bb.org.bd)  
[gm.sfd@bb.org.bd](mailto:gm.sfd@bb.org.bd)